আমি জানতে পেরেছি নাগরিকত্ব লাভের পরীক্ষার খরচ বেড়েছে। নতুন ফি কত?

সম্প্রতি ফি প্রতি আবেদনের ক্ষেত্রে $330 থেকে বেড়ে $595 হয়েছে। অতিরিক্তে আঙ্গুলের ছাপের ফি $70 থেকে বেড়ে $80 হয়েছে। যেহেতু ফি পুনরায় পরিবর্তিত হতে পারে, তাই অনুগ্রহ করে USCIS এর সঙ্গে অথবা একজন অভিবাসন আইনজ্ঞের সঙ্গে যোগাযোগ করুন যাতে আপনি নিশ্চিত হতে পারেন যে আপনি সঠিক অর্থই দিয়েছেন।

আমি স্বাভাবিকতার জন্য আবেদন করেছি কিন্তু আমার আবেদন এক বছর ধরে স্থগিত আছে। কেন এটা হচ্ছে এবং এ ব্যাপারে আমার কি কিছু করার আছে?

বহু সাউথ এশিয়ানরা স্বাভাবিকতা পাওয়ার আবেদন করে বিভিন্ন কারণের জন্য দেরী হওয়ার ব্যাপারে অনেক অসুবিধার অভিজ্ঞতা অর্জন করেন। এর একটা কারণ হচ্ছে ইউএসসিআইএসের কাছে পেশ করা সাম্প্রতিক স্বাভাবিকতার আবেদনের সংখ্যা অনেক বেড়ে যাওয়ায় এজেন্সীগুলির পক্ষে আবেদনগুলির তাড়াতাড়ি প্রসেস করার ক্ষমতা ধীরগতি হয়ে যাওয়া। অতিরিক্তে, সাউথ এশিয়ান , আরব এবং মুসলমানদের অনেকের আবেদনগুলির দেরী হওয়ার কারণ তাদের পশ্চাতে কোন সন্ত্রাসবাদ ও সুরক্ষার অভাব জনিত কোন কারণ আছে কি না তা পরীক্ষা করে দেখা।

যদি আপনি আপনার সুরক্ষা জনিত পরীক্ষার কারণে আপনার স্বাভাবিকতার আবেদনের অস্বাভাবিক দেরীর সম্মুখীন হন, তাহলে তা দ্রুত করার জন্য কতকগুলি পদক্ষেপ আপনি নিতে পারেন। অনুগ্রহ করে এই সব তথ্যের জন্য একজন অভিবাসন আইনজ্ঞের সঙ্গে যোগাযোগ করুন। আমরা আপনাকে SAALT অফিস, **(301) 270-1855** অথবা **saalt@saalt.org** এ যোগাযোগ করাতে উৎসাহিত বোধ করি, যেহেতু আমরা সাউথ এশীয়ান স্বাভাবিকের আবেদনকারীদের পশ্চাৎপট পরীক্ষা সম্বন্ধীয় দেরী হওয়ার ঘটনাগুলিকে নথিভুক্ত করি।

আমি স্বাভাবিকতার ব্যাপারে কোথায় আরো জানতে পারবো?

স্বাভাবিকতার ব্যাপারে আরও তথ্য পাওয়ার জন্য বহুবিধ উৎসগুলি আপনি ঘুরে দেখে নিতে পারেন, যার মধ্যে আছে :

- *"গাইড টু নিউট্রালাইজেসন" USCIS এর নাগরিকত্বের কার্যালয় থেকে* (www.uscis.gov/natzguide)
- *"ওয়েলকাম টু দ্য ইউনাইটেড স্টেটস : এ গাইড ফর নিউ ইমিগ্রান্টস " USCIS থেকে। ইংরাজীতে পাওয়া যায়* (www.uscis.gov/files/nativedocuments/M-618.pdf) এবং উর্দুতে (www.uscis.gov/files/nativedocuments/M-618_u.pdf).
- *সাম্প্রতিক এবং পুনঃ নবীকরণ স্বাভাবিকতা পরীক্ষার জন্য পাঠ্য বিষয়বস্তুর ওপর তথ্যের জন্য* (www.uscis.gov/naturalization)
- *www.WelcometoUSA.gov*: একটা সরকারী প্রবেশ পথ, সঙ্গে আছে নতুন অভিবানকারীদের জন্য অভিবাসনের কোন কোন সুবিধাগুলি তারা পাবার যোগ্য তার তথ্যসকলের উৎসগুলি, ইংরাজী শিক্ষার স্থানগুলি, এবং কি করে ইউএসসিআইএসের সঙ্গে যোগাযেগ করা যায় তার তথ্য সকল।
- আপনার আবেদনের স্ট্যাটাস পরীক্ষার জন্য, এখানে দেখুন www.uscis.gov অথবা কল করুন USCIS (800) 375-5283 তে
- অভিবাসন আইনজ্ঞের রেফারেন্সের জন্য, অনুগ্রহ করে আমেরিকান ইমিগ্রেসন ল'ইয়ার এসোসিয়েসন (AILA) এর সরাসরি লাইনে (800) 954-0254 যোগাযোগ করুন।

*এই পুস্তিকাটি একসারি অভিবাসন বিষয়গুলির ওপর শিক্ষা মূলক তথ্যগুলির একটি, যেটা **মূর্তি ল' ফার্মের** সান্মানিক সহায়তার মাধ্যমে **সাউথ এশীয়ান আমেরিকানস লিডিং টুগেদার (SAALT)** এর দ্বারা উন্নত করা হয়েছে। SAALT হল একটি জাতীয় নিরপেক্ষ অ-লাভজনক সংস্থা, যারা ইউনাইটেড স্টেটসে সাউথ এশীয়ানদের সমান সিভিক ও রাজনৈতিক অধিকার রক্ষার জন্য উৎসর্গকৃত। SAALT র সম্বন্ধে আরও জানতে দেখুন www.saalt.org অথবা কল করুন (301) 270-1855. মিলিটারী ল' ফার্ম হল একটি সেরা ফার্ম যারা অভিবাসন এবং স্বাভাবিকতা আইনের কার্যকারীতায় উৎসর্গকৃত। মিলিটারী ল'ফার্মের সম্বন্ধেআরও জানতে দেখুন www.murthy.com অথবা কল করুন (410) 356-5440তে। **অনুগ্রহ করে মনে রাখুন যে এই নির্দেশিকাটি আইনের পরামর্শ হবার লক্ষ্যে তৈরী হয়নি!***

6930 Carroll Avenue, Suite 506
Takoma Park, MD 20912

ফোন: 301.270.1855
ফৌক্স: 301.270.1882
saalt@saalt.org
www.saalt.org

সাউথ এশিয়ান আমেরিকান সম্প্রদায়কে মজবুত করা

ইউ.এস নাগরিত্ব লাভের জন্য আপনার কি কি জানার প্রয়োজন

ইউএসের দক্ষিণ এশীয়দের জন্য একটি নির্দেশিকা

এপ্রিল 2008

নতুন দেশে নাগরিকত্ব লাভ করা অভিবাসীদের একটি ধর্মীয় পথ। ইউএসের একজন নাগরিক হিসাবে আপনার নির্বাচনে অংশ গ্রহণ করার পূর্ণ অধিকার আছে, পরিবারের কিছু কিছু সদস্যদেরকে দেশেও আনতে পারেন। যেখানে ইউএস নাগরিক হলে অনেক সুবিধা ভোগ করতে পারা যায়, সেখানে বহু সাউথ এশিয়ানদেরকে অনেক বাধার সম্মুখীন হতে হয়। নাগরিকত্বের সঙ্গে সম্পর্কিত অনেক আইন ও সুবিধা প্রাপ্ততার পরিবর্তনের ব্যাপারে জ্ঞান না থাকার জন্য অনেকে প্রায়ই নাগরিত্ব লাভ থেকে বঞ্চিত হন। এই নির্দেশিকা ইউএস নাগরিত্ব লাভের উপায়ের ব্যাপারে মূল প্রশ্নগুলির উত্তর দেয়, সাম্প্রতিক স্বাভাবিক পদ্ধতির পরিবর্তনের সম্বন্ধে, এবং বিশেষ বিষয়গুলিতে, যে গুলিতে সাউথ এশীয়ানরা পদ্ধতিগত ত্রুটির সম্মুখীন হন সেই ব্যাপারেও সাহায্য করে।

কেন আমি ইউ এস নাগরিক হব?

উত্তরঃ ইউ এস নাগরিকত্বে কর্তব্যের সাথে অনেক অধিকার এবং সুবিধাও পাওয়া যায়, যা বহু অভিবাসীদের জীবনে পরিবর্তন ঘটায়।

নাগরিকত্বের সুবিধাগুলির মধ্যে আছে.......

- নির্বাচনে ভোট দেওয়া
- ইউ এস তে পরিবারের সদস্যদের আনার অগ্রাধিকার
- বাচ্চাদের নাগরিকত্ব
- নির্বাসন থেকে মুক্তি
- ইউ এস পাসপোর্ট নিয়ে ভ্রমণ
- সরকারী কাজগুলি পাওয়ার যোগ্যতা অর্জন
- একজন নির্বাচিত প্রতিনিধি হওয়া
- ডিপার্টমেন্ট অফ হোমল্যান্ড সিকিউরিটিতে ঠিকানা পরিবর্তন অথবা রিপোর্টিং প্রয়োজনীয়তা না থাকা
- সাধারণের সুবিধাগুলির জন্য বৃহত্তর যোগ্যতা

নাগরিকত্বের কর্তব্যগুলির মধ্যে আছে.....

- ইউ এস এর প্রতি আনুগত্যের শপথ নেওয়া
- জুরী হিসাবে কাজ করা

কিভাবে আমি নাগরিকত্ব লাভ কর**ব?**

উত্তরঃ আপনি নাগরিকত্ব পেতে পারেন যদি আপনি ইউ এস সিটিজেনশিপ এন্ড ইমিগ্রেশন সার্ভিসেস (USCIS) , একটা সরকারী প্রতিনিধি, যারা অভিবাসন এবং নাগরিকতের আবেদনগুলি প্রসেস করে, তাদের কাছে একটা "এপ্লিকেশন ফর ন্যাচারালাইজেশন" (ফর্ম N-400) পেশ করে কতকগুলি প্রয়োজনীয় বিষয়কে পূরণ করেন। যদি আপনি নিম্নলিখিত প্রয়োজনীয়তাগুলি পূরণ করেন তাহলে হয়ত নাগরিকত্ব পেতে পারেন,

- ***বয়স:***
  - √ আমি কমপক্ষে আঠারো বছর বয়সী।
- **গ্রীন কার্ড স্ট্যাটাস**
  - √ কম পক্ষে আমি পাঁচ বছর ধরে আইনানুক্ত চিরস্থায়ী আবাসিক ("LPR" অথবা "গ্রীন কার্ড হোল্ডার") রূপে আছি। অথবা আমি একজন ইউএস নাগরিককে বিয়ে করে কমপক্ষে তিন বছর ধরে বসবাস করছি এবং কমপক্ষে তিন বছর ধরে গ্রীন কার্ড হোল্ডার রূপে আছি।
- ***শারীরিকভাবে উপস্থিতি:***
  - √ পাঁচ বছরের মধ্যে একজন গ্রীন কার্ড হোল্ডার হিসাবে আমি একসঙ্গে ছয় মাসের বেশি ইউএসের বাইরে ভ্রমণ করিনি (অথবা আমি বিবাহিত হলে তিন বছর ধরে একজন ইউএস নাগরিকের সঙ্গে বাস করেছি)।
  - √ গত পাঁচ বছরের ধরে একজন গ্রীন কার্ড হোল্ডার হিসাবে কমপক্ষে তিরিশ মাসের জন্য আমি ইউএসেতে শারীরিক ভাবে উপস্থিত আছি (অথবা গত তিন বছরের মধ্যে একজন বিবাহিত হিসাবে আমি আঠারো মাসের জন্য একজন ইউএস নাগরিকের সঙ্গে বসবাস করছি)।
  - √ আমি ইউএসসিআইএস জেলাতে বসবাস করেছি যেখানে আমি আবেদন করার অন্তত তিন মাসের আগে আমার আবেদনটি ফাইল

কিভাবে আমি একজন ইউ এস নাগরিক হব?

কোন ব্যক্তির ইউ এস নাগরিকত্ব লাভের তিনটি মূল উপায় আছে।

- **জন্মের সঙ্গে নাগরিকত্ব** - যদি আপনি ইউ এস এ অথবা এর সীমানার মধ্যে জন্ম গ্রহণ করে থাকেন, তাহলে আপনার পরবর্তী প্রজন্ম স্বয়ংক্রিয় ভাবেই ইউএস নাগরিকত্ব লাভ করবে।
- **অর্জিত নাগরিকত্ব** - যদি আপনি বিদেশে জন্ম গ্রহণ করে থাকেন, এবং আপনার মাতাপিতা উভয়েই অথবা একজন আপনার জন্মের সময়ে নাগরিকত্ব লাভ করে থাকেন, তাহলে আপনি স্বয়ংক্রিয় ভাবেই ইউ এস নাগরিকত্ব পেয়ে যাবেন।
- **স্বাভাবিক ভাবে** - যদি আপনি কোন অ-নাগরিক মাতাপিতার সন্তান হয়ে বিদেশে জন্ম গ্রহণ করে থাকেন, তাহলে আপনাকে ইউএস নাগরিকত্ব লাভের জন্য কতকগুলি প্রয়োজনীয়তা রক্ষার সঙ্গে কিছু কিছু পদ্ধতি গ্রহণ করতেই হবে।

- ***উত্তম নৈতিক চরিত্র:***
  - √ আমি দেখাতে পারি যে গত পাঁচ বছর ধরে একজন গ্রীন কার্ড হোল্ডার হিসাবে (অথবা বিবাহিত হলে একজন ইউএস নাগরিকের সঙ্গে তিন বছর ধরে বসবাস করে) আমি আইনত ও গ্রহণ যোগ্য ব্যবহারই করেছি।

  উদাহরণ স্বরূপ, উত্তম নৈতিক চরিত্র না থাকার মধ্যে থাকতে পারে, কর না দিয়ে কাজ করা; মদ্যপান থেকে ভোগান্তি; বিবাহ-বন্ধনের বাইরে বাচ্চাদেরকে রেখে দেওয়া; বাচ্চাদের যত্ন না নেওয়া.; অভিবাসন আধিকারিককে মিথ্যা বলা; যে কোন কারণে গ্রেফতার হওয়া; যে কোন দোষে শাস্তি পাওয়া।
- ***আবেদনের ধার্য অর্থ***
  - √ আমি সহায়ক নথিপত্রের সঙ্গে প্রয়োজনীয় আবেদন পত্র এবং আঙ্গুলের ছাপের জন্য ধার্য অর্থ প্রদান করে পেশ করেছি।
- ***পরীক্ষা এবং সাক্ষাৎকার:***
  - √ একটা স্বাভাবিকতার পরীক্ষা এবং সাক্ষাৎকারের মাধ্যমে আমি প্রদর্শন করে দেখিয়েছি, ইউএস সংবিধানের আদর্শ ও নীতির প্রতি আমি কতটা জড়িত। আমি সফল ভাবেই স্বাভাবিকতার পরীক্ষার সিভিক ও ইংরাজী উভয় ভাষার বিষয়গুলি সুসম্পন্ন করেছি।
- ***আনুগত্যের শপথ:***
  - √ আমি একটা ইউএস নাগরিক উৎসবে আনুগত্যের শপথ গ্রহণ করেছি।

নোট: আঠারো বছরের কম বয়সী বাচ্চারা ওপরের কোন পদক্ষেপে না গিয়েও তাদের মাতাপিতার মাধ্যমে নাগরিকত্ব লাভ করতে পারবে।

আমি শুনেছি একটি নতুন নাগরিকত্বের পরীক্ষা হবে। পরীক্ষাটিতে কি কি পরিবর্তন আছে?

একটা রেজিস্ট্রীকৃত পরীক্ষা অক্টোবর 2008 এ আরম্ভ হবে। আবেদনকারীরা যারা নতুন পরীক্ষা দেবে, তাদেরকে একটি সাক্ষাৎকারে উত্তীর্ণ হতে হবে:

- √ দশটি সিভিক প্রশ্নের মধ্যে (যার মধ্যে ইউএসের বিভিন্ন জায়গার ইতিহাস এবং সরকারের বিষয়গুলি নেওয়া আছে) ছয়টির উত্তর দিতে হবে; এবং
- √ ইংরাজী ভাষার ওপর একটা মৌখিক, পঠন ও লিখিত পরীক্ষা সফল ভাবে পাশ করতে হবে।

নিচে পুনঃকাঠামোর পরীক্ষা থেকে সিভিক প্রশ্নগুলির কিছু কিছু নমুনা দেওয়া হ'ল:

- *স্বাধীনতা ঘোষণায় কি করা হয়েছিল?*
- *ইউএসেতে অর্থনৈতিক অবস্থা কি রকম ?*
- *কোন শেষ তারিখে আপনি ফেডারাল ইনকাম ট্যাক্স ফর্মস পাঠাতে পারেন?*
- *ফেডারালিস্ট পেপারের লেখকদের একজনের নাম করুন।*

কিভাবে আমি জানতে পারবো যে আমাকে চলতি না নতুনভাবে নাগরিকত্ব লাভের পরীক্ষা দিতে হবে?

আপনি যে সাম্প্রতিক অথবা নতুন পরীক্ষা দেবেন তা নির্ভর করবে যখন আপনি স্বাভাবিকতার জন্য আবেদন করেছিলেন এবং যখন আপনার স্বাভাবিকতার সাক্ষাৎকার স্থিরকৃত হয়েছিল তার ওপর:

- অক্টোবর 1, 2008 এর আগে আমি আবেদন করেছি অথবা করব এবং আমার স্বাভাবিকতার সাক্ষাৎকার অক্টোবর 1, 2008 এর আগে নির্ধারিত হয়েছে → **আপনি সাম্প্রতিক পরীক্ষাটা দেবেন।**
- অক্টোবর 1, 2008 এর আগে আমি আবেদন করেছি অথবা করব এবং আমার স্বাভাবিকতার সাক্ষাৎকার অক্টোবর 1, 2008 এর পরে নির্ধারিত হয়েছে →**আপনি সাম্প্রতিক অথবা নতুনের মধ্যে যে কোন একটা পরীক্ষা বাছতে পারেন।**
- যদি আমি অক্টোবর 1, 2008 এ অথবা তার পরে আবেদন করি → **আপনার উচিত নতুন পরীক্ষা দেওয়া।**

আমাকে কি নাগরিকত্ব লাভের পরীক্ষা ইংরাজীতে দিতে হবে?

উত্তর : সাধারণত, হ্যাঁ। বেশির ভাগ আবেদনকারীদের সিভিক ও ভাষা বিভাগে পাস করার জন্য ইংরাজী জানার প্রয়োজন হয়। যাইহোক, যদি আপনার বয়সটা বেশির দিকে হয়, তাহলে আরও নমনীয় প্রয়োজনের দরকার হয়। নিচে দেখুনঃ

বয়স	কত বছর ধরে গ্রীন কার্ড হোল্ডার ছিলেন	সিভিক পরীক্ষা	ইংরাজী পরীক্ষা
50 বছররে বেশি বয়সী	কমপক্ষে 20 বছর →	পছন্দ মতন ভাষায় দিতে পারেন	প্রয়োজন নেই
55 বছররে বেশি বয়সী	কমপক্ষে 15 বছর →	পছন্দ মতন ভাষায় দিতে পারেন	প্রয়োজন নেই
65 বছররে বেশি বয়সী	কমপক্ষে 20 বছর →	পছন্দ মতন ভাষার সহজ অনুবাদে দিতে পারেন	প্রয়োজন নেই